

বিমানবন্দরের ভিআইপি এলাকায় উড়তে থাকা ডোন জন্ড

- A Monitor Desk Report

Date: 05 April, 2026



ঢাকাঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিআইপি এলাকায় অনুমতি ছাড়া উড়তে থাকা একটি ডোন জন্ড করেছে কর্তৃপক্ষ।

শনিবার (৪ এপ্রিল) রাতে এটি জন্ড করা হয়।

রবিবার (৫ এপ্রিল) এক সংবাদ বিজ্ঞপ্তিতে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) জানায়, ৪ এপ্রিল রাত সাড়ে ৮টায় সাফ চ্যাম্পিয়নশিপ শেষে দেশে ফেরা বাংলাদেশের অনূর্ধ্ব-২০ দলের খেলোয়াড়দের আগমন উপলক্ষ্যে ভিআইপি পোল গেটের সামনে ভিডিও ধারণের সময় ডোনটি হাতেনাতে জন্ড করা হয়।

জন্ড করা ডোনটির মডেল ডিজেআই ম্যাভিক-৪ প্রো।

বেবিচক জানায়, ‘ডোন নিবন্ধন ও উড্ডয়ন নীতিমালা ২০২০’ অনুযায়ী বিমানবন্দর এলাকা ‘রেড জোন’-এর অন্তর্ভুক্ত। এ ধরনের সংবেদনশীল এলাকায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিশেষ অনুমতি ছাড়া ডোন উড্ডয়ন সম্পূর্ণরূপে নিষিদ্ধ। জন্ড করা ডোনটি বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)-এর কাছ থেকে কোনো অনুমতি না নিয়ে ওড়ানো হচ্ছিল।

বিমানবন্দরের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে এ ধরনের অননুমোদিত কার্যক্রমের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানায় বেবিচক।

দায়িত্বশীল সূত্রে জানা গেছে, ডোনটি বেসরকারি দেশ টেলিভিশন পরিচালনা করছিল।

-B

